যুগান্তর

৯/১১/২০০৩

তারিখ ... ... ... ... ... ... ...
পৃঃ ২০ কলাম ৬....



(১) গতকাল ইডেন বিশ্ববিদ্যালয় কলেজে ছাত্রীদের হল খালি করার নির্দেশ দেয়ার পর প্রশাসনিক ভবনের সামনে ছাত্রীদের বিক্ষোভ; (২) ছাত্রীদের হল ত্যাগ; (৩) কলেজ গেটে পুলিশের অবস্থান -যুগান্তর

# ইডেন কলেজ এক সপ্তাহের জন্য বন্ধ : হল ত্যাগের নির্দেশ

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

ইডেন কলেজ কর্তৃপক্ষ আগামী এক সপ্তাহের জন্য কলেজ বন্ধ ঘোষণা এবং আবাসিক হলগুলো খালি করার নির্দেশ দিয়েছে। ছাত্রদলের অভ্যন্তরীণ কোন্দলে মঙ্গলবারের সংঘর্ষের জের ধরে উদ্ভূত পরিস্থিতিতে কর্তৃপক্ষ গতকাল এ সিদ্ধান্ত নেয়। তবে এ সময়ের নির্ধারিত পরীক্ষা যথারীতি অনুষ্ঠিত হবে। গতকাল সকালে কর্তৃপক্ষ ওই দিনের মধ্যে হল খালি ও কলেজের ক্লাস বন্ধের নির্দেশ দেয়ার পর সাধারণ ছাত্রীরা প্রথমে বিক্ষোভ প্রদর্শন করে। কর্তৃপক্ষের আকস্মিক সিদ্ধান্তের প্রতিবাদে দুপুরে ছাত্রফ্রন্ট ক্যাম্পাসে মিছিল-সমাবেশ করেছে। সমাবেশে **ইডেন :** পৃষ্ঠা : ১৯ কলাম : ৭

## ইডেন : কলেজ

(শেষ পৃষ্ঠার পর) বক্তব্য রাখেন আসমা আইয়ুব বেবী, শামীমা পারভীন রোজী, কৃষ্ণা মণ্ডল প্রমুখ। নেতৃবৃন্দ সন্ত্রাসের জন্য দায়ী ছাত্রীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা না নিয়ে কর্তৃপক্ষের ক্লাস বন্ধ ও হল খালি করার নির্দেশের নিন্দা জানিয়ে বলেন, 'এর মাধ্যমে কর্তৃপক্ষ সাধারণ ছাত্রীদের দুর্ভোগের মুখে ঠেলে দিয়েছে।'

গতকালই অধিকাংশ ছাত্রী হল ছেড়েছেন। আগামী ১৪ নভেম্বর পর্যন্ত কলেজের ক্লাস ও হল বন্ধ থাকবে। এদিকে বিভিন্ন পত্রিকার সংবাদে মিতু, লাকি, তনুজা ও নিশিতাকে নব্য ছাত্রদল কর্মী বলে উল্লেখ করায় তারা এর প্রতিবাদ জানিয়েছেন। মঙ্গলবারের সংঘর্ষে তাদের জড়িত থাকার অভিযোগও তারা